শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা
www.lgd.gov.bd

পত্র নং-৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০০১.২০২০-৯৬৬

তারিখ: ১৫ পৌষ ১৪২৭ / ৩০ ডিসেম্বর ২০২০

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর অংশ হিসেবে উত্তম চর্চার তালিকা প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ (সংশোধিত) এর অংশ হিসেবে স্থানীয় সরকার বিভাগের উত্তম চর্চার তালিকা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার) পাতা।

৩০.১২.২০২০

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৭৬
council.lgd@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ সিনিয়র সহকারি সচিব (শুদ্ধাচার শাখা)]

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

d:\admin-2\nis-শুদ্ধাচার\letter & notice.doc

## উত্তম চর্চার তালিকা

| উত্তম চর্চা নং | মন্ত্রণালয়/সংস্থা | |
|---|---|---|
| ১. | স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকার বিভাগের মামলার অনলাইন ডাটাবেজ। |
| ২. | স্থানীয় সরকার বিভাগ | ডিজিটাল সেবার মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের স্টোর এন্ড রিকুইজিশন ব্যবস্থাপনা। |
| ৩. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক Vehicle Tracking System (VTS) |
| ৪. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | অনলাইনের মাধ্যমে মশার প্রজনন স্থল সনাক্তকরণ ও কীটনাশক প্রয়োগের নাগরিক সেবা। |
| ৫. | জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট | জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর Management Information System (MIS) |
| ৬. | ঢাকা ওয়াসা | ঢাকা ওয়াসার পানির পাম্পসমূহে SCADA স্থাপন। |
| ৭. | চট্টগ্রাম ওয়াসা | চট্টগ্রাম ওয়াসার online application system। |
| ৮. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের online video conferencing system। |

২৮/১২/২০২০

Smriti Karmaker
Joint Secretary
Local Government Division
Govt. of the People's Republic of Bangladesh

c:\users\acer\desktop\best practices.docx

## উত্তম চর্চা-১

**শিরোনাম: স্থানীয় সরকার বিভাগের মামলার অনলাইন ডাটাবেইজ।**

**বিবরণ:** মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে স্থানীয় সরকার বিভাগের ৮,৭০০টি মামলা চলমান রয়েছে। উক্ত মামলাসমূহের তথ্য সংরক্ষণ ও মামলার বর্তমান অবস্থা জানার নিমিত্ত মামলাসমূহের অনলাইন ডাটাবেইজ প্রস্তুত করা হয়েছে।

**ফলাফল:** মামলার তথ্যের অনলাইন ডাটাবেইজ তৈরী করার ফলে মামলার সর্বশেষ অবস্থা জানা সম্ভব হচ্ছে। ফলশ্রুতিতে যথাসময়ে সরকার পক্ষে মামলার প্রতিদ্বন্দ্বিতা করা সম্ভব হচ্ছে।

## উত্তম চর্চা-২

**শিরোনাম: ডিজিটাল সেবার মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের স্টোর এন্ড রিকুইজিশন ব্যবস্থাপনা।**

**বিবরণ:** অনলাইন স্টোর এন্ড রিকুইজিশন ব্যবস্থাপনায় অনলাইনে চাহিদাপত্র তৈরী ও সাবমিট করা হচ্ছে। এ পদ্ধতিতে অনলাইনে স্টোরের দ্রব্যাদি পরিবীক্ষণ পূর্বক সংশ্লিষ্ট অফিসার কর্তৃক অনলাইনে চাহিদাপত্র অনুমোদন করা হয়। চাহিদাপত্র অনুমোদনের পর চাহিদা প্রেরণকারীর নিকট মালামাল সরবরাহ করা হচ্ছে।

**ফলাফল:** অনলাইনে চাহিদাপত্র প্রেরণ, স্টোর পরিবীক্ষণ ও চাহিদাপত্র অনুমোদন হওয়ায় অনলাইনে স্টোরে বিদ্যমান দ্রব্যাদির পরিমান, বিতরণ করা দ্রব্যাদির রিপোর্ট দেখা সম্ভব হচ্ছে। এছাড়া, এর ফলে চাহিদা প্রদানকারী কর্তৃপক্ষকে স্বল্পসময়ে মালামাল সরবরাহ করা সম্ভব হচ্ছে।

## উত্তম চর্চা-৩

**শিরোনাম: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক Vehicle Tracking System (VTS)**

**বিবরণ:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিস ও বর্জ্য সংগ্রহের সকল গাড়ীতে Vehicle Tracking System (VTS) সংযুক্ত করা হয়েছে।

**ফলাফল:** ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিস ও বর্জ্য সংগ্রহের সকল গাড়ীতে Vehicle Tracking System (VTS) স্থাপন করায় এর মাধ্যমে অফিসিয়াল গাড়ী ও ডিএনসিসি'র বর্জ্যবাহী গাড়ীর গতিবিধি মনিটরিং ও নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। বর্জ্য ব্যবস্থাপনার গাড়ীসমূহ সঠিক সময়ে ময়লা পরিবহন করে একটি পরিচ্ছন্ন ঢাকা গড়ে তুলতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

**উত্তম চর্চা-৪**

**শিরোনাম: অনলাইনের মাধ্যমে মশার প্রজনন স্থল সনাক্তকরণ ও কীটনাশক প্রয়োগের নাগরিক সেবা।**

**বিবরণ:** ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের দৈনন্দিন কার্যক্রমের মধ্যে মশকনিধন অন্যতম। কর্পোরেশনের মশক কর্মী সকালে লার্ভিসাইডিং এবং বিকালে এ্যাডাল্টসাইডিং কার্যক্রম পরিচালনা করে থাকে। বাসা বাড়ির আঙিনা বাসার অভ্যন্তরের প্রজননস্থল, নির্মাণাধীন বিল্ডিং, বাড়ির ছাদ এই কার্যক্রমের আওতাবর্হিভূত। নগরবাসীকে এই কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে এবং মশার প্রজননস্থল সনাক্তকরণ এবং সনাক্তকৃতস্থানে কীটনাশক প্রয়োগের মাধ্যমে মশা নির্মূল করা এর উদ্দেশ্য। সম্মানিত সেবা গ্রহীতাকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়েব সাইট (www.dscc.gov.bd) অথবা সরাসরি এই (www.service.dhakasouthcity.gov.bd) ওয়েবসাইটে গিয়ে সেবাটি গ্রহণের জন্য নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে। সেবাগ্রহীতা যে সেবাটি নিতে ইচ্ছুক সেই সেবার বিপরীতে নির্ধারিত সেবা মূল্য অনলাইন অথবা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে পারবে। আবেদন যথাযথভাবে গৃহীত হলে ০১ (এক) কর্ম দিবসের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মশক কর্মী উল্লেখিত স্থানে গিয়ে সেবাটি প্রদান করবেন।

**ফলাফলঃ** অনলাইনের মাধ্যমে মশার প্রজনন স্থল সনাক্তকরণ ও কীটনাশক প্রয়োগের নাগরিক সেবা প্রদানের ফলে কর্পোরেশনের কর্মী বাসায় গিয়ে কাজটি করায় সেবা গ্রহীতার সময়, অর্থ ও ভিজিট হ্রাস পাবে। এর মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকায় মশার প্রজনন স্থল সনাক্তকরণ ও কীটনাশক প্রয়োগের মাধ্যমে মশা নির্মূল করা সম্ভব হবে।

**উত্তম চর্চা-৫**

**শিরোনাম: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট এর Management Information System (MIS)**

**বিবরণ:** প্রতিষ্ঠানের ডকুমেন্টেশন সেন্টারের মাধ্যমে Management Information System (MIS) সফটওয়্যার তৈরী করা হয়েছে।

**ফলাফল:** Management Information System (MIS) চালু করার ফলে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সকল জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীদের ডাটাব্যাংক তৈরী করা, এনআইএলজি'র প্রশিক্ষণ ব্যবস্থাপনা আধুনিকায়ন, বিভিন্ন ধরনের রিপোর্ট আর্কাইভ করা, আলোচনা ও কোর্স মূল্যায়ন আধুনিকায়ন, প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের ডাটা সংরক্ষণ করা সম্ভব হচ্ছে।

**উত্তম চর্চা-৬**

**শিরোনাম: ঢাকা ওয়াসার পানির পাম্পসমূহে SCADA স্থাপন।**

**বিবরণ:** Online মনিটরিং, পর্যবেক্ষন, কন্ট্রোল এবং ডাটা কালেকশনের সুবিধার্থে ঢাকা ওয়াসা বিভিন্ন জোনের আওতাধীন পানির পাম্প সমূহে SCADA স্থাপন করেছে।

**ফলাফল:** SCADA স্থাপনের ফলে পাম্প চালক ছাড়া পাম্প চালু ও বন্ধ করা সম্ভব হচ্ছে। ওয়েব ও মোবাইল এ্যাপ দ্বারা গভীর নলকূপের সকল কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে বিধায় ঢাকা ওয়াসার পরিচালন ব্যয় হ্রাস পেয়েছে।

উত্তম চর্চা-৭

**শিরোনাম: চট্টগ্রাম ওয়াসার online application system।**

**বিবরণ:** পূর্বের পদ্ধতি চট্টগ্রাম ওয়াসার সেবা প্রার্থীদের সেবা গ্রহণের উদ্দেশ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন ফরম জমা ও ফি পরিশোধ করার জন্য অফিসে যাতায়াত করতে হতো। এতে প্রয়োজনীয় সেবা পেতে দীর্ঘসূত্রিতা দেখা দিতো। online application system এ জনগণ প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদন করার পর গ্রাহককে ট্র্যাকিং নম্বর সহ এসএমএস নোটিফিকেশন দেয়া হচ্ছে। online এ ফি পরিশোধ করার পর আবেদনের বিষয়ে কার্যক্রম জনগণকে অবহিত করা হচ্ছে।

**ফলাফল:** online application system চালু করায় স্বল্পসময়ে জনগণকে প্রত্যাশিত সেবা প্রদান করা সম্ভব হচ্ছে বিধায় জনগণের ভোগান্তি হ্রাস পেয়েছে।

উত্তম চর্চা-৮

**শিরোনাম: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের online video conferencing system।**

**বিবরণ:** পূর্বের পদ্ধতিতে সভার নোটিশ জারি করা, সভায় আয়োজন, সভায় উপস্থিতি ইত্যাদির জন্য ৩/৪ দিন সময় প্রয়োজন হতো। বিদ্যমান পদ্ধতিতে ই-মেইল বা এসএমএস এর মাধ্যমে সভার নোটিশ প্রেরণ করা সম্ভব হচ্ছে এবং সভার আয়োজন করা হচ্ছে। online video conferencing system - এ সভায় অংশগ্রহণকারীগণকে স্বশরীরে সভায় উপস্থিত হওয়ার প্রয়োজন হচ্ছে না।

**ফলাফল:** online video conferencing system চালু করায় স্বল্পতম সময়ে সভার আয়োজন করা সম্ভব হচ্ছে। অনলাইন এ সভায় যোগদান করার ফলে কর্মকর্তাদের যাতায়াত ব্যয় ও কর্মঘন্টা ব্যয় হ্রাস পেয়েছে।

১৪/১২/২০২০

Smriti Karmaker
Joint Secretary
Local Government Division
Govt. of the People's Republic of Bangladesh